গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির নভেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২২/১১/২০২২
সময় : বেলা ১১:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৫/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন সম্পন্ন হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়নে এপিএ'তে মোট ১০ নম্বরের মধ্যে শিল্প মন্ত্রণালয় ৮.৮০ নম্বর প্রাপ্ত হয়েছে। | ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ২ | মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাদের ০৮/০৯/২০২২ তারিখের মধ্যে আইএপি প্রণয়নের জন্য ছকপত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে অধিকাংশ কর্মকর্তা IAP (Individual Action Plan) প্রণয়ন করে জমা প্রদান করেছেন। তবে সকল কর্মকর্তার নিকট হতে এখনও IAP পাওয়া যায়নি। বিগত ২৬/১০/২২ তারিখে IAP প্রণয়ন ও বাস্তবায়ন শীর্ষক ইন-হাউজ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাদের IAP প্রণয়ন করতে হবে এবং আগামী সভায় কর্মকর্তাদের তালিকা উপস্থাপন করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৩ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ১ম ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নেই। তবে ২য় ও ৩য় ত্রৈমাসিকে অংশীজনের অংশগ্রহণে ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। | চলমান ২০২২-২৩ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২টি সভা ২য় ও ৩য় ত্রৈমাসিকের নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৪ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে ৩টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে আগস্ট মাসে ১ টি প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে ২য় ও ৩য় ত্রৈমাসিকে শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপসচিব, প্রশিক্ষণ, শিল্প মন্ত্রণালয় |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫ | চলমান ২০২২-২৩ অর্থবছরে কর্ম-পরিবেশ উন্নয়নে ১ম ত্রৈমাসিকে কোনো লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল না। তবে ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে ২টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>কার্যক্রম দুটি নিম্নরূপ:<br>ক. অফিসের ভিতর ও বাহিরে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি-২য় ত্রৈমাসিকে বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে।<br>খ. অকেজো মালামাল বিনষ্টকরণ ৪র্থ-ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। | ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কার্যক্রম যথাক্রমে ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে যথাসময়ে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয় |
| ৬ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে আওতাধীন দপ্তর/সংস্থার দাখিলকৃত প্রতিবেদনের ওপর ৩টি ফিডব্যাক সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। চলমান ২০২২-২৩ অর্থবছরে ২০-১০-২২ তারিখ ১ম ফিডব্যাক সভাটি বাস্তবায়িত হয়েছে।<br>তাছাড়া ৩০ জানুয়ারি/২০২৩ এর মধ্যে ২য় ফিডব্যাক এবং ৩০ এপ্রিল/২০২৩ তারিখের মধ্যে ৩য় ফিডব্যাক সভাটি সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সে অনুযায়ী ফিডব্যাক সভা বাস্তবায়ন করা হবে। | ২০২২-২৩ অর্থবছরের ২টি ফিডব্যাক সভা যথাক্রমে ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,শিল্প মন্ত্রণালয় |
| ৭ | রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ২য় ত্রৈমাসিকের মধ্যে ৩০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও অতিরিক্ত সচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয় |
| ৮ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ৫৮টি পিএসসি সভা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>তন্মধ্যে প্রথম ত্রৈমাসিকে ৭ টি পিএসসি সভা বাস্তবায়ন করা হয়েছে এবং<br>২য় ত্রৈমাসিকে ১৫টি পিএসসি সভা,<br>৩য় ত্রৈমাসিকে ২০টি পিএসসি সভা এবং<br>৪র্থ ত্রৈমাসিকে ১৩ টি পিএসসি সভা সর্বমোট ৫৮ টি পিএসসি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। | চলমান ২০২২-২৩ অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিক পিএসসি সভার লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |
| ৯ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহন ও সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের লক্ষ্যে গঠিত কমিটির ১ম সভা ২০/৯/২২ তারিখে অনুষ্ঠিত হয় এবং ২য় সভা ২৬/৯/২২ তারিখে অনুষ্ঠিত হয়।<br>৩০/৬/২২ তারিখে সমাপ্তকৃত ৬ টি প্রকল্পের মধ্যে বিসিক ও বিটাকের ৪ টি প্রকল্পের মালামাল হস্তান্তর করা হয়েছে।<br>তবে মন্ত্রণালয়ের ২ টি প্রকল্পের মালামাল জমা প্রদান এবং বিসিকের ১ টি প্রকল্পের গাড়ী পরিবহন পুলে জমা অথবা টিওএন্ডই ভুক্তকরণের তথ্যাদি পাওয়া যায়নি। | গঠিত কমিটি প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সকল সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রমটি মনিটরিং করবে এবং কার্যক্রমটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্পন্ন করবে। | যুগ্ম সচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০ | চলমান ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে মন্ত্রণালয়ের ৪টি কার্যক্রম রয়েছে:<br>ক. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার:<br>সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ. অডিট ম্যানেজমেন্ট সফটওয়্যারে ডাটাবেজ হালনাগাদকরণ:<br>কার্যক্রমটি চলমান আছে।<br>গ. ডিজিটাল/ সরেজমিনে পরিবীক্ষণের মাধ্যমে মিল জোন এলাকায় চিনিকলের আখ মাড়াইয়ে স্বচ্ছতা আনয়ন:<br>কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের ৯ জন কর্মকর্তাকে মনিটরিং এর দায়িত্ব প্রদান করা হয়েছে<br>ঘ. মোহাম্মদপুর ও আদাবর থানায় প্যাকেজ ড্রিংকিং ওয়াটার পরিবীক্ষণ ও মনিটরিং এর মাধ্যমে গুণগত মান উন্নয়ন:<br>কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্ত বিএসটিআই কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক ৪টি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং এ বিষয়ে যে সকল প্রতিষ্ঠান/শাখা/ অধিশাখার সংশ্লিষ্টতা রয়েছে তাদের সকলের সহযোগিতায় কার্যক্রমসমূহ সফলভাবে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান, দপ্তর/সংস্থা প্রধান ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ১১ | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য ও অন্তরায় পাওয়া গিয়েছে তা একত্রিত করে তালিকা প্রণয়ন করা হয়েছে। প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যেসকল সাফল্য পাওয়া গিয়েছে তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ১২ | মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটি পুনর্গঠন করে পুনর্গঠিত কমিটি সদয় অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন হয়েছে। | পুনর্গঠিত নৈতিকতা কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। নৈতিকতা কমিটির কর্ম পরিধিভুক্ত বিষয় সভায় উপস্থাপন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩/১২/২২
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়
জাকিয়া সুলতানা